27/5/2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ কলাম ... ৫ ......

দৈনিক ইত্তেফাক

# পরীক্ষার ফল প্রকাশ না করায় যশোর বোর্ডের উপর রুল জারি

**বরিশাল অফিস** ॥ যশোর বোর্ডের ১২৭০ জন এইচএসসি পরীক্ষার্থীর ফলাফল গত এক বছরেও প্রকাশ না করায় হাইকোর্ট ডিভিশনের একটি বেঞ্চ গতকাল রবিবার যশোর বোর্ড চেয়ারম্যান, পরীক্ষা নিয়ন্ত্রক ও কলেজ পরিদর্শকদের উপর

(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার ফল

(প্রথম পৃষ্ঠার পর)

রুলনিশি জারি করিয়া ৩ সপ্তাহের মধে উহার উত্তর-দানের নির্দেশ দিয়াছেন বিচারপতি সৈয়দ আই,জি,আর, মোদাচ্ছে হোসেন ও বিচারপতি সৈয়দ মাহমু হোসেন সমন্বয়ে গঠিত এই বেঞ্চ রী আবেদনকারী নাজমুন নাহারের পক্ষে আইনজীবীর বক্তব্য শোনার পর রুল জারি করেন।

আর্জিতে বলা হইয়াছে যে, গত বছ (২০০০) যশোর বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় গুচ্ছ সমস্যার জন ১২৭০ জন পরীক্ষার্থীর ফলাফল ঘোষণ করা হয় নাই। এই পরীক্ষার্থীরা বিভিন্নভাবে বোর্ডের দ্বারস্থ হইয়াছে। পত্র-পত্রিকা সংবাদ প্রকাশ হইয়াছে কিন্তু বোর্ড নিরুত্ত ছিল। পরে আইনজীবীর মাধ্যমে নোটি পাঠাইলে উহার কোন উত্তর মিলে নাই পরীক্ষার্থীদের পক্ষে বি,এম,কলেজে পরীক্ষার্থী নাজমুন নাহার এই রীট আবেদ দায়ের করেন।

আবেদনকারীর পক্ষে সিনিয় আইনজীবী এম,আই ফারুকী মামল পরিচালনা করেন। তাহাকে সহায়তা কর এডভোকেট রুহুল কুদ্দুস বাবু।